গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**
নগর ভবন (১৪ ও ১৫ তলা), ঢাকা-১০০০
www.dtca.gov.bd

স্মারক নং -৩৫.০২.০০০০.০১২.৯৯.০০১.১৯.৮৫ তারিখ: ৩০-১২-২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঢাকা মহানগরে অন-স্ট্রিট পার্কিং এর তালিকা ও ব্যবস্থাপনা।

সূত্রঃ ১। ডিটিসিএ'র ২৭/১১/২০১৯ তারিখের ৩৫.০২.০০০০.০১২.৩১.০০১.১৯ -৭৮, সংখ্যক স্মারক।
২। ডিটিসিএ'র ৮/১২/২০১৯ তারিখের ৩৫.০২.০০০০.০০২.৩৫.০০৩.১৯-৫৮৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ১নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে ডিএমপি কর্তৃক প্রস্তাবিত ৬৮ টি অন-স্ট্রিট পার্কিং লোকেশনের মধ্যে অনুমোদিত ৬৪ টি লোকেশনের তালিকা ও পর্যবেক্ষণ বিষয়ক সিদ্ধান্ত প্রেরণ করা হয়েছিল।

২। ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের পরিচালনা পরিষদের ১৩ তম সভা মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ও চেয়ারম্যান, ডিটিসিএ পরিচালনা পরিষদ জনাব ওবায়দুল কাদের এর সভাপতিত্বে গত ০১/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার আলোচ্যসূচি-২ (ছ) অনুযায়ী ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি এলাকায় ৬৪ টি অন-স্ট্রিট পার্কিং লোকেশন অনুমোদন দেয়া হয়। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ডিটিসিএ'র সুপারিশ ও পর্যবেক্ষণ অনুযায়ী ডিএমপি'র সাথে সমন্বয় করে এর ব্যবস্থাপনা করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয় (কার্যবিবরণীর সংশ্লিষ্ট অংশ সংযুক্ত)।

৩। এমতাবস্থায় পার্কিং পলিসি না হওয়া পর্যন্ত অনুমোদিত অন-স্ট্রিট পার্কিং লোকেশনে নির্দেশিকামতে পার্কিং ব্যবস্থাপনার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং পরবর্তী ২ (দুই) মাস পরে একটি অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(খন্দকার রাকিবুর রহমান)
নির্বাহী পরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৯৫৬২৬৮৬

১। প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী,
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পুলিশ কমিশনার, ডিএমপি, রমনা, ঢাকা।
২। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
৩। অতিরিক্ত পুলিশ কমিশনার, ট্রাফিক, ডিএমপি, ঢাকা।

অনুলিপিঃ জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিঃ নির্বাহী পরিচালক (পিএন্ডপি/টিএমপিটিআই/এমটি), ডিটিসিএ।
৩। মাননীয় মেয়রের একান্ত সচিব (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৪। মাননীয় মেয়রের একান্ত সচিব (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য) , ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। সহকারী ট্রান্সপোর্ট ইকোনমিস্ট, ডিটিসিএ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
দক্ষিণ নগর ভবন ১৩তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.dtca.gov.bd

নম্বর ৩৫.০২.০০০০.০০২.৩৫.০০৩.১৯-৫৮৮ তারিখ: ৮ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়: **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) পরিচালনা পরিষদের ১৩তম সভার কার্যবিবরণী।**

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী ও ডিটিসিএ পরিচালনা পরিষদ এর চেয়ারম্যান জনাব ওবায়দুল কাদের এম.পি. এর সভাপতিত্বে গত ১ ডিসেম্বর ২০১৯ তারিখে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) পরিচালনা পরিষদের ১৩তম সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ২৪ (চব্বিশ) পৃষ্ঠা।

খন্দকার রাকিবুর রহমান
নির্বাহী পরিচালক
ও
সদস্য-সচিব
ডিটিসিএ পরিচালনা পরিষদ
ফোন: ৯৫৬২৬৮৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(১) মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
(২) মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, গুলশান, ঢাকা।
(৩) মাননীয় মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
(৪) বেগম সাগুফতা ইয়াসমিন, মাননীয় সংসদ সদস্য, ১৭২ মুন্সিগঞ্জ-২।
(৫) জনাব বেনজীর আহমদ, মাননীয় সংসদ সদস্য, ১৯৩ ঢাকা-২০।
(৬) জনাব মোঃ নজরুল ইসলাম বাবু, মাননীয় সংসদ সদস্য, ২০৫ নারায়ণগঞ্জ-২।
(৭) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৮) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৯) সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, ঢাকা।
(১০) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১১) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৩) সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, বনানী, ঢাকা।
(১৪) মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
(১৫) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
(১৬) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
(১৭) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
(১৮) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, দিলকুশা বা/এ, ঢাকা।
(১৯) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, পরিবহন ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
(২০) চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।

| আলোচ্যসূচি | ১২তম সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত/ বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কার্যপরিধি অনুমোদন করা হল। কমিটি পরবর্তী পরিষদ সভায় প্রতিবেদন পেশ করবে।<br><br>২। CASE প্রকল্পের আওতায় স্থাপিত আটোমেটিক সিগনালিং সিস্টেম চালুর বিষয়ে পুলিশ কমিশনার, ঢাকা ব্যবস্থা নিবেন। | মালিবাগ-খিলগাঁও হয়ে সায়েদাবাদ পর্যন্ত-এ দুটি রুটে রিক্সা চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে যা অনেকটা কার্যকর হয়েছে।<br>• ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ১৮/১১/২০১৯ তারিখ পর্যন্ত অবৈধ মোট ৫১০টি রিক্সা, ৩৯টি ব্যাটারিচালিত রিক্সা, ৪৫টি থ্রি হুইলার ও ৩৬টি হিউম্যান হলার আটক করে ডাম্পিং-এ দিয়েছে।<br>• ৩২টি স্থানে ১০.৩৫ কিমি ফুটপাত দখলমুক্ত করে মোট ২৯.৬৫ কিমি ফুটপাত ব্যবহার উপযোগী করা হয়েছে।<br>• ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ২১/১১/২০১৯ পর্যন্ত মোট ৪০টি উচ্ছেদ অভিযান পরিচালনার মাধ্যমে অবৈধ মোট ৭,৬৫৬টি অস্থায়ী ও ৫৭৭টি স্থায়ী অবকাঠামো অপসারণ করেছে। এর ফলে ১৬.৭ কিমি সড়ক ও ফুটপাত (মোট ৩,৫১,০০০ বর্গফুট ফুটপাত) দখলমুক্ত হয়েছে। এছাড়াও গাবতলী পশুর হাট সংলগ্ন ১১ একর জমি উদ্ধার করা হয়েছে। উচ্ছেদ অভিযানে দায়েরকৃত মামলার সংখ্যা ৩২টি, মোট অর্থদণ্ড ১৪,৪৬,০০০ টাকা এবং ৩ জনকে কারাদণ্ড দণ্ডিত করা হয়েছে।<br>• উল্লিখিত সড়কের পাশে বিল্ডিং কোড না মেনে নির্মাণের কারনে যে সব ভবনের র‍্যাম্প ফুটপাতে এসে পথচারীদের চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টি করছে, রাজউক এসব ভবন চিহ্নিত করে অবৈধ স্থাপনা ভেঙ্গে ফেলার উদ্যোগ গ্রহণ করেছে।<br>• ফুটপাত দখলমুক্ত ও অবৈধ ক্ষুদ্রযান বন্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যাহত আছে।<br>• ঢাকা মহানগরীতে পার্কিং ব্যবস্থাপনা বিষয়ে ডিটিসিএ, ডিএমপি এবং উভয় সিটি কর্পোরেশনকে নিয়ে একটি সভা গত ১৮/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। ডিএমপি কর্তৃক ঢাকা মহানগরীতে প্রস্তাবিত ৬৮টি অনস্ট্রিট পার্কিং লোকেশনসমূহের মধ্যে ৬৪টি অনস্ট্রিট পার্কিং লোকেশন বিবেচনায় নেয়া হয়েছে। আপাতত: সিটি কর্পোরেশন এই অনস্ট্রিট পার্কিং লোকেশনের পার্কিং ব্যবস্থাপনা করতে পারে। পরবর্তীতে পার্কিং পলিসি প্রণীত হওয়ার পর সে মোতাবেক ব্যবস্থাপনা করা হবে।<br><br>লোকেশনগুলো অনুমোদন দেয়া হলে তা প্রকাশ করা হবে। পরবর্তীতে বাস এবং ট্রাকের জন্য অনস্ট্রিট পার্কিং বিবেচনা করা হবে।<br><br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব জানান যে, বর্তমানে ঢাকা মহানগরীর পার্কিং লোকেশন সংকট | অনুমোদন দেয়া হল। ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন ডিটিসিএ'র সুপারিশ ও পর্যবেক্ষণ অনুযায়ী ডিএমপি'র সাথে সমন্বয় করে এর ব্যবস্থাপনা করবে।<br><br>৩। CASE প্রকল্পের আওতায় স্থাপিত আটোমেটিক সিগনালিং সিস্টেম এর বর্তমান অবস্থা পরিষদ অবহিত হলো।<br><br>৪। ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট (DITMP) সম্পর্কে পরিষদ অবহিত হলো। ফুলবাড়ীয়া ও পল্টন ইন্টারসেকশনে এনএমটি চলাচল ও ফুটপাত দখলমুক্ত রাখার জন্য ডিএমপি/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ব্যবস্থা নিবে। |